



নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
মানব সম্পদ বিভাগ
বেগমগঞ্জ, নোয়াখালী
pbs.noakhali.gov.bd

নম্বর: ২৭.১২.৭৫০৭.৫৩১.০২.০০৮.২২.১৬৭১

তারিখ: ২ পৌষ ১৪২৯

১৭ ডিসেম্বর ২০২২

নিয়োগ বিজ্ঞপ্তি

নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, বেগমগঞ্জ, নোয়াখালী এর নিম্নবর্ণিত সহকারী ক্যাশিয়ার এর শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগ ও প্যানেল প্রস্তুতের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	বেতন ও অন্যান্য ভাতা	পদের সংখ্যা	বয়সসীমা	যোগ্যতা ও অভিজ্ঞতা	যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।
সহকারী ক্যাশিয়ার (মহিলাদের জন্য সংরক্ষিত)	পবিস বেতন কাঠামো ২০১৬ (সংশোধিত) মোতাবেক ১৮,৩০০.০০ হতে ৪৬,২৪০.০০ টাকা এবং নিয়ম অনুযায়ী বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়।	০৪ টি (কম/বেশি হতে পারে)	১০/০১/২০২৩ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে থাকতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর এবং মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র কন্যার ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের প্রমানক হিসেবে এস.এস.সি/সমমান সনদ বিবেচিত হবে।	ক) এস.এস.সি/সমমান ও এইস.এস.সি/সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫ এর মধ্যে ৩.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে (গণিতে পারদর্শী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে) খ) অফিস যন্ত্রপাতি ও কম্পিউটার চালানোর অভিজ্ঞতা থাকতে হবে। গ) কম্পিউটারে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০ দশ শব্দ ও ইংরেজীতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে) ঘ) সহকারী ক্যাশিয়ার পদে নির্বাচিত প্রার্থীকে সমিতির অনুকূলে জামানত হিসেবে ২০,০০০/- (বিশ হাজার) টাকা ক্যাশ সিকিউরিটি ডিপোজিট হিসেবে জমা প্রদান করতে হবে। যা সন্তোষজনকভাবে চাকুরী সমাপ্তের পর সুদসহ ফেরত প্রদান করা হবে। ঙ) প্রার্থীকে অবশ্যই গ্রাহকের সাথে ভদ্র, বিনয়ী ও স্বতঃস্ফূর্ত আচরণ করার সক্ষমতা থাকতে হবে। চ) প্রার্থীর পারিবারিক স্বচ্ছলতা সরজমিনে পরিদর্শন পূর্বক যাচাই করা হবে।	বরগুনা, ভোলা, চাঁদপুর, চট্টগ্রাম, কুমিল্লা, ফেনী, জামালপুর, বালকাঠি, খাগড়াছড়ি, লক্ষ্মীপুর, মাদারীপুর, মেহেরপুর, নরসিংদী, নোয়াখালী, রাঙামাটি, শেরপুর, টাঙ্গাইল


শর্তাবলীঃ

০১। উল্লেখিত পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েবসাইট (www.pbs.noakhali.gov.bd) হতে A4 সাইজের কাগজে (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ)। সংগৃহীত আবেদন ফরম স্ব-হস্তে পূরণ পূর্বক জেনারেল ম্যানেজার, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি-এর

অনুকূলে আগামী ১০/০১/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, বেগমগঞ্জ, নোয়াখালী এর ঠিকানায় প্রয়োজনীয় কাগজপত্রসহ ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। এছাড়াও সাদা কাগজে লিখিত বা টাইপকৃত আবেদন পত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনও বাতিল বলে গণ্য হবে।

০২। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ

- ক) ছবির পিছনে প্রার্থীর নাম লিখা সম্বলিত সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঞ্জন ছবি।
- খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত কপি। (মার্কশীট/প্রশংসা পত্র গ্রহণযোগ্য নয়)
- গ) জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।
- ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ / পৌরসভার মেয়র / ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
- ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
- চ) জেনারেল ম্যানেজার, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, বেগমগঞ্জ, নোয়াখালী এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে ১০০.০০ (একশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট অথবা ক্রেসড পোস্টাল অর্ডার সংযুক্ত করতে হবে।
- ০৩। নিয়োগকালে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানগণের ক্ষেত্রে সরকার নির্ধারিত কোটা সংরক্ষণ করা হবে। তবে সে ক্ষেত্রে আবেদনের সহিত সরকারী নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।
- ০৪। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা নিজ জেলাসহ আবেদন পত্রের প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।
- ০৫। উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য “অন-প্রবেশনে” নিয়োগ প্রদান করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/ পবিসের রিটেইনার চিকিৎসকের নিকট হতে সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট (Dope Test রিপোর্টসহ) দাখিল করতে হবে। অন-প্রবেশন কালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।
- ০৬। অত্র সমিতিতে কর্মরত কর্মচারী (গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) বা সমিতির কর্মচারী (গণ)-এর স্বামী/স্ত্রীর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) এবং একইভাবে সমিতি বোর্ডের এলাকা পরিচালক/মহিলা এলাকা পরিচালক (গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) একই সমিতিতে কোনো নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবেন না।
- ০৭। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ০৮। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/ পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূর্ণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না। উল্লেখ্য যে, নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিধি-বিধান প্রতিপালন সরকারি সর্বশেষ নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করা হবে।
- ০৯। কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই। প্রতারণা করে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১০। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।
- ১১। খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।
- ১২। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



১৭-১২-২০২২

মোঃ জাকির হোসেন

জেনারেল ম্যানেজার

ফোন: 0321-52212

ফ্যাক্স: 0321-53659

নম্বর: ২৭.১২.৭৫০৭.৫৩১.০২.০০৮.২২.১৬৭১/১(১০৫)

তারিখ: ২ পৌষ ১৪২৯

১৭ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণ অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ৩) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ৪) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, নোয়াখালী, ।
- ৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী, ।
- ৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪
- ৭) ডিজিএম-কবিরহাট/চাটখিল/সেনবাগ/সোনাইমুড়ী/কোম্পানীগঞ্জ/সোনাপুর/সুবর্ণচর/আমিনবাজার জোনাল অফিস, কারিগরী- সদর দপ্তর, নপবিস।
- ৮) এজিএম (ওএন্ডএম), নয়নপুর সাব জোনাল অফিস, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
- ৯) সকল বিভাগীয় প্রধান, নপবিস।
- ১০) জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১), আইটি বিভাগ, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
- ১১) জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-২), আইটি বিভাগ, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
- ১২) নোটিশ বোর্ড/ওয়েব সাইট (pbs.noakhali.gov.bd), নোয়াখালী পবিস।
- ১৩) অফিস কপি, নপবিস।

১৭-১২-২০২২

মোঃ জাকির হোসেন

জেনারেল ম্যানেজার



পমাসপ ১১০-০০২
ভার্সন-০১
অনুমোদিতঃ ২৭/০৪/২০১৪ খ্রিঃ

ফরম নং: পমাসপ ১১০-০০২, ভার্সন-০১, তারিখ

**নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতিতে সহকারী ক্যাশিয়ার পদে প্যানেলভুক্তি / নিয়োগ লাভের জন্য আবেদন ফরম
(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)**

পাসপোর্ট সাইজের এক
কপি ছবি এ ঘরে আইকা /
আঠা দিয়ে লাগিয়ে ছবির
উপর ১ম শ্রেণীর গেজেটেড
কর্মকর্তা দ্বারা সত্যায়িত
করতে হবে

জেনারেল ম্যানেজার
নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং -০২/২০২২-২০২৩

২. আবেদনকৃত পদের নাম
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

৩. পদের ধরণঃ স্থায়ী

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

৫. প্রকাশনার তারিখ

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

বড় হাতের অক্ষরে (ইংরেজীতে)

৭. জন্ম তারিখ (শিক্ষাগত যোগ্যতার সনদ অনুযায়ী)

৮. মাতার নাম

...../...../.....(দিন/ মাস/ বছর)
৯. বয়স (১০/০১/২০২৩ খ্রিঃ তারিখে)

১০. পিতার নাম

১১. ধর্ম

১২. জাতীয়তা

১৩. নিজ জেলা

১৪. মোবাইল নম্বর

১৫. বৈবাহিক অবস্থা
(টিক (✓) দিন)

বিবাহিত	অবিবাহিত
---------	----------

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক(✓) দিন)ঃ

মহিলা	মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা	মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা	এতিম ও শারীরিক প্রতিবন্ধী
-------	--	---	---------------------------

উপজাতি

আনসার ও গ্রাম প্রতিরক্ষা

অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী

খ. ডাকঘর

গ. উপজেলা/ থানা

ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র / নিয়োগপত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী

খ. ডাকঘর

গ. উপজেলা/ থানা

ঘ. জেলা

১৯.

ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ক্রসড পোস্টাল অর্ডার নম্বর

ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ক্রসড পোস্টাল অর্ডার এর মূল্য

ইস্যুর তারিখ

২০. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে)ঃ

উত্তীর্ণ পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	সিজিপিএ/ বিভাগ/শ্রেণী		সার্টিফিকেট / ডিগ্রী অর্জনের বছর
		সিজিপিএ স্কেল	প্রাপ্ত বিভাগ/ শ্রেণী /গ্রেড	
..... শ্রেণী				
এসএসসি/সমমান				
এইচএসসি/সমমান				
স্নাতক				

২১. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে)ঃ

২২. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা	চাকুরীর/ পদের নাম ও বেতনক্রম	যোগদানের তারিখ	চাকুরী পদত্যাগের তারিখ

২৩. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত)ঃ

নাম, পদবী/ পেশা, ঠিকানা, টেলিফোন/ মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে)
১।
২।

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন বা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/ পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবোর্ড কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

.....
তারিখ

.....
আবেদনকারীর স্বাক্ষর





নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
বেগমগঞ্জ, নোয়াখালী।



এখানে পাসপোর্ট সাইজের
এক কপি ছবি ১ম শ্রেণীর
কর্মকর্তা দ্বারা সত্যায়িত
করে স্ট্যাপলার পিন দিয়ে
আটকিয়ে দিতে হবে।

লিখিত (এমসিকিউ)/ লিখিত (রচনামূলক)/ মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর ০ঃ

পরীক্ষার তারিখ ০ঃ

পরীক্ষার সময় ০ঃ

পরীক্ষার কেন্দ্রের নাম ০ঃ

পরীক্ষার কেন্দ্রের ঠিকানা ০ঃ

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষরঃ

(প্রার্থী/ আবেদনকারী কর্তৃক পূরণীয়)

পদের নাম ০ঃ

প্রার্থীর নাম

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক

.....

.....

.....

প্রার্থী/ আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলী

- ১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
- ২। নির্ধারিত সময়ের অন্তত ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষার কক্ষে /কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।
- ৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।
- ৪। পরীক্ষার কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠোফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।
- ৫। চাকুরীর আবেদনপত্রের সঙ্গে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।
- ৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।
- ৭। উল্লিখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

.....

